



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, মানিকগঞ্জ

এবং

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সড়ক সার্কেল, ঢাকা এর মধ্যে স্বাক্ষরিত

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

## সূচিপত্র

সড়ক বিভাগ, মানিকগঞ্জ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

### উপক্রমণিকা

সেকশন ১: সড়ক বিভাগ, মানিকগঞ্জ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য দপ্তর বা সংস্থার উপর নির্ভরশীলতা

kmx

সড়ক বিভাগ, মানিকগঞ্জ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র  
(Overview of the Performance of the Road Division, Manikganj)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা**

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

সড়ক ও জনপথ অধিদপ্তর মানসম্পন্ন, নিরাপদ ও টেকসই মহাসড়ক এবং সংশ্লিষ্ট অবকাঠামো বিনির্মাণ ও রক্ষণাবেক্ষণের লক্ষ্যে নিরবচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে। গত তিন অর্থবছরে সড়ক বিভাগ, মানিকগঞ্জ কর্তৃক নবীনগর – চন্দ্রা মহাসড়ক ৪ লেনে উন্নীতকরন; হোমায়তপুর-সিংগাইর-মানিকগঞ্জ সড়কে ১ কিলোমিটার ৪ লেনে উন্নীতকরন, ৬টি সেতু ও ৪ টি কালভার্ট নির্মাণ; দোহার-কার্তিকপুর-বালিরটেক সড়ক উন্নীতকরন; সাটুরিয়া সেতু; নলাম সেতু সহ (উন্নয়ন ও অনুন্নয়ন খাতে) ৬১.৭২ কিলোমিটার সড়কের সার্ফেসিং (ওভারলে সহ), ৫.২৭ কিলোমিটার ফ্লেক্সিবল পেভমেন্ট, ১১.৩৪ কিলোমিটার সড়ক প্রশস্তকরন, ১৬.০৬ কিলোমিটার সড়ক মজবুতকরন, ৩২.৫৫ কিলোমিটার মেরামত সহ সীলকোট, ৫৪.৬৬ কিলোমিটার সীলকোট এবং ৬৪২.১৬ মিটার (উন্নয়ন খাত- ৫২১.৮৫ মিটার, অনুন্নয়ন খাত- ১২০.৩১ মিটার) সেতু ; ১৩৭.৮৯ মিটার কালভার্ট (উন্নয়ন খাত- ১১৮.৫৭ মিটার, অনুন্নয়ন খাত- ১৯.৩২ মিটার) ও ৩০.০০ মিটার ফুটওভারব্রিজ নির্মাণ/পুনঃনির্মাণ করা হয়েছে ।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সড়ক বিভাগ, মানিকগঞ্জ এর আওতাধীন বিভিন্ন প্রকল্পগুলোতে অগ্রগতির সাথে বরাদ্দের সমন্বয়হীনতার কারনে যথাসময়ে প্রকল্পগুলোর কাজ প্রায়শই সমাপ্ত করা সম্ভব হয়না। ভূমি অধিগ্রহণের কর্মসম্পাদনে স্থানীয় পর্যায়ে মামলা মোকাদ্দমার কারণে কখনও কখনও প্রকল্পের কাজ সমাপনে বিলম্ব ঘটে। তাছাড়া ক্ষেত্রবিশেষে দেশীয় নির্মাতা প্রতিষ্ঠানের দক্ষতা, দায়িত্বশীলতা ও আন্তরিকতার ঘাটতি প্রকল্প কাজের গুণগতমান এবং স্থায়িত্বের প্রত্যাশিত মান বজায় রাখার ক্ষেত্রে প্রতিবন্ধক হিসেবে কাজ করে। পারিপার্শ্বিক কারনে ওভারলোড নিয়ন্ত্রণ করা অত্যন্ত কঠিন হয়ে পড়ে। এছাড়াও সড়ক বিভাগ, মানিকগঞ্জ এর বিভিন্নস্তরের কর্মকর্তা ও কর্মচারী তথা জনবলের স্বল্পতার জন্য অধিদপ্তরের কর্মকান্ডের কাংখিত ফলাফল পাওয়া যাচ্ছে না।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

জনসাধারণের নির্বিঘ্ন চলাচল নিশ্চিত করার লক্ষ্যে আগামী পাঁচ বছরের মধ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন সকল শ্রেণীর মহাসড়ক ৮৫ শতাংশ গুড টু ফেয়ার (Good to Fair condition) অবস্থায় উন্নীতকরণ এবং জাতীয় মহাসড়কসমূহকে পর্যায়ক্রমে ৪-লেনে উন্নীতকরণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। জাতীয় মহাসড়কের বিদ্যমান দুই লেন সড়ককে ন্যূনতম চারলেনে উন্নীতকরণ এবং ধীরগতিসম্পন্ন যানবাহনের জন্য অতিরিক্ত এবং পৃথক লেনের সংস্থান রেখে মহাসড়ক উন্নয়নের পরিকল্পনা নেয়া হয়েছে। অত্র সড়ক বিভাগাধীন সকল আঞ্চলিক মহাসড়কগুলোকে পর্যায়ক্রমে প্রশস্তকরণ করার পরিকল্পনাও গ্রহণ করা হয়েছে। জাতীয় ও আঞ্চলিক মহাসড়কের বিভিন্ন ইন্টারসেকশন, বাজার সহ গুরুত্বপূর্ণ অংশসমূহে রিজিড পেভমেন্ট ও প্রয়োজনীয় ডেজেজ ব্যবস্থা স্থাপনের পরিকল্পনাও অত্র সড়ক বিভাগের রয়েছে। জাতীয়, আঞ্চলিক ও জেলা মহাসড়ক সমূহের জরাজীর্ণ ক্ষতিগ্রস্ত কংক্রিট সেতু ও বুকিপূর্ণ স্টীল সেতু সমূহ প্রতিস্থাপন করা হবে। সড়ক ও জনপথ অধিদপ্তরের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কারিগরি প্রশিক্ষণ এবং নির্মাণ কাজের গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয়েরও পরিকল্পনা আছে। আগামী ১০ বছরের মধ্যে সড়ক দুর্ঘটনায় মৃত্যুর হার ৫০% এবং সড়ক দুর্ঘটনার হার ৩০% হ্রাস করার লক্ষ্যে বিভিন্ন ব্ল্যাকস্পট অপসারণের পরিকল্পনা সড়ক ও জনপথ অধিদপ্তরের আছে।

**২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ১.৯০ কিলোমিটার নতুন সড়ক নির্মাণ;
- ১.৪৫ কিলোমিটার মহাসড়ক প্রশস্তকরণ;
- ৮.০০ কিলোমিটার সড়ক সার্ফেসিং করন;
- ২৪৩.৩৪ মিটার সেতু ও কালভার্ট নির্মাণ এবং ৩৬.৫৬ মিটার সেতু পুনঃনির্মাণ;
- মহাসড়কের ১৮ টি ব্ল্যাকস্পটে দুর্ঘটনা রোধে প্রতিকারমূলক ব্যবস্থাগ্রহণ;

৩

## উপক্রমণিকা (Preamble)

নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, মানিকগঞ্জ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এবং

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সড়ক সার্কেল, ঢাকা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৬ সালের জুলাই মাসের ২৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

*Handwritten signature*

